দৃশ্য – ১ঃ

ফাতিমার দুর্দশাঃ

ফাতিমা একজন ২১ বছর বয়সের রোহিংগা নারী। মায়ানমারে সহিংসতার পরে, সেও অনেক মানুষের সাথে জীবন বাচাতে বাংলাদেশে আসে এবং এখন ক্যাম্পেই বসবাস করে। তার সাথে তার ছোট দুই ভাই ও থাকে। মায়ানমারের সহিংসতায় ফাতিমা তার বাবা ও মা দুইজনকেই হারিয়েছে। সম্প্রতি, তার ক্যাম্পের প্রতিবেশীরা তার বিয়ের জন্য একটি পাত্র ঠিক করেছে। ছেলেটিও একি ক্যাম্পে বসবাস করে, ফাতিমার ঘরের কাছেই তার বসবাস। সামাজিক রিতী অনুযায়ী, বিয়ের জন্য সে ইতিমধ্যেই ছেলেকে তার শেষ সম্বল ২০০০০ টাকা দিয়েছে। একি সময়ে কাছাকাছি একি ব্লকে বসবাসরত অন্য একটি পরিবার ফাতিমার সাথে যোগাযোগ করে তাকে বলেছে এই বিয়ে ভেঙ্গে দিতে এবং এ বিষয়ে তাকে চাপ প্রয়োগ করছে। কারন, যে ছেলেটির সাথে ফাতিমার বিয়ে ঠিক হয়েছে, তার উক্ত পরিবারের একটি মেয়ের সাথে সম্পর্ক আছে, এবং ছেলেটি ঐ মেয়েকেও কথা দিয়েছে তাকে বিয়ে করবে বলে। ছেলেটির সাথে মেয়েটি শারিরীক সম্পরকেও জড়িয়ে পরেছে এবং মেয়েটি এখন সন্তান-সম্ভবা। ফাতিমা বিয়ে ভেঙ্গে দিতে রাজি হচ্ছেনা, কেননা বিয়ের সকল আয়োজন সম্পন্ন হয়েছে। এবিষয়ে পরিবারটির সাথে ফাতিমার বেশ কয়েকবার ঝগড়া হয়েছে এবং ঝগড়ার এক পরযায়ে ঐ পরিবারের লোকজন ফাতিমাকে মারধোর ও করে। শুধু তাই না, পরিবারটি ফাতিমার নামে মাঝি, হেডমাঝি ও পুলিশ ও সি আই সি এর কাছে অভিযোগ করেছে। ফাতিমার যার সাথে বিয়ের কথা হয়েছে, সেই ছেলেটি পলাতক আছে। ফাতিমা এখন খুবি অসহায় অবস্থার মধ্যে আছে। একি সাথে ফাতিমাকে অনেক বেশি সামাজিক হয়রানির মধ্যে পরতে হচ্ছে। সে এখন ঘর থেকে বের হতেও ভয় পায়।

দৃশ্যে অভিনয়ঃ

আপনি ফাতিমার বাড়ি গিয়েছেন। আপনি যখন তার বাড়িতে ঢুকলেন, তখন দেখলেন সে কাদছে। সে খুবি অসহায় বোধ করছে, যেহেতু তার কোন অভিভাবক নেই। ঐ পরিবারের সদস্যরা তাকে আবার মারধোর করতে পারে, সে এই ভয় ও পাচ্ছে। সে বুঝে উঠতে পারছে না, সে এখন কি করবে।

প্রশ্নঃ

১। আপনি ফাতিমাকে পিএফএ সেবা দেয়ার জন্য কিভাবে প্রস্তুতি নিবেন?

২। এক্ষেত্রে আপনার কি কি তথ্যের প্রয়োজন?

৩। ফাতিমাকে পিএফএ দাওয়ার জন্য কি কি উপাদান ইতিমধ্যেই আপনার হাতে আছে?

৪। আপনি ফাতিমার নিজস্ব আত্মবিশ্বাসকে পরিস্থিতির সাথে খাপ খাওয়ানোর জন্য কিভাবে কাজে লাগাবেন?

৫। ফাতিমার সাথে কথা বলার সময় কি কি বিষয় লক্ষ্য করা প্রয়োজন?

৬। কিভাবে আপনি ফাতিমার কথা শুনবেন ও তাকে শান্ত করবেন?

৭। ফাতিমার প্রতি সহায়তা আরো বেশি সম্প্রসারিত হতে হলে আপনি তাকে আর কি কি সেবা ব্যবস্থার সাথে যোগাযোগ করিয়ে দেবেন এবং কিভাবে তাকে এই পরিস্থিতির সাথে মানিয়ে চলতে সাহায্য করবেন?

দৃশ্য -২ঃ

লাকড়ি সংগ্রহে বিপদের আশংকাঃ

এই মুহুরতে ক্যাম্প-১৬তে প্রায় ২০০০০ মানুষ বসবাস করছেন। এই ক্যাম্পে যারা বসবাস করছেন, তাদের জন্য লাকড়ি সংগ্রহ করা একটি বেশ বড় ধরনের সমস্যা। ক্যাম্পের লোকজন পাশের জঙ্গল থেকে প্রায়শই কাঠ সংগ্রহ করতে যায়। কখনো বাড়ির বড়রা/অভিভাবকরা জঙ্গলে কাঠ সংগ্রহ করতে যায়, আবার প্রায়ই তারা বাচ্চা বা কিশোর- কিশোরীদের ও এই কাজে পাঠিয়ে থাকেন। এমনি একজন কাঠ সংগ্রহকারীর নাম হাবসা, তার বয়স ১০ বছর, সে এই ক্যাম্পে তার বাবা জলিল ও মা হোস্নার এবং আরো সাত ভাইবোনের সাথে বসবাস করে। সে সাধারনত তার বন্ধুদের সাথে জঙ্গলে কাঠ সংগ্রহ করতে যেত, যখন তার বাবা-মা অন্য কাজে ব্যস্ত থাকে। একদিন বাবা অসুস্থ থাকায় হাবসাকে জঙ্গলে কাঠ সংগ্রহ করতে যায় এবং সেদিন সে একা ছিল, তার সাথে কোন বন্ধু সেদিন যায়নি। একা একা জঙ্গলে যাওয়ার পর সে দুর্বৃত্তদের হাতে ধর্ষিত হয়। স্থানীয় লোকজন তাকে খুজে পায়, এবং ক্যাম্পে খবরটি পৌছে দেয়। একি দিনে তাকে হাসপাতালেও ভর্তি করা হয়।

এমুহূর্তে পুরো পরিবারটি খুবি দুর্দশার মধ্যে দিয়ে যাচ্ছে, বিশেষ করে মেয়েটির বাবা-মা। তার মা প্রচন্ডভাবে মানসিক আঘাত পেয়েছে এবং এ মুহুরতে তার সাহায্য দরকার।

প্রশ্নঃ

১। আপনি সাহায্য করার জন্য কিভাবে প্রস্তুতি নিবেন?

২। সহায়তা দাওয়ার জন্য আপনার কি কি তথ্যের প্রয়োজন?

৩। তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য কি কি জিনিস লক্ষ্য করা প্রয়োজন?

৪। সেখানে যাওয়ার পর কোন কোন বিষয় আপনার লক্ষ্য করা প্রয়োজন বলে আপনি মনে করেন?

৫। সহায়তা প্রদান করার জন্য কি কি উপাদান আপনার কাছে আছে?

৬। তাদের কি ধরনের সহায়তার প্রয়োজন হতে পারে? তাদেরকে এসকল সহায়তা প্রদান করার জন্য কিভাবে অন্য সেবার সাথে সংযুক্ত করবেন?

৭। আপনি মেয়েটির মা কে কিভাবে শান্ত করবেন?

৮। আপনি ভবিষ্যতে নিরাপদে জ্বালানি সংগ্রহ করার জন্য বিকল্প কোন উপায় জানাবেন?

৯। হাবসার মাকে পরিস্থিতির সাথে খাপ খাওয়ানোর জন্য কি কি পন্থা অবলম্বন করতে বলবেন?

১০। পরিবারটি যদি আইনি সহায়তা চায়, তাহলে তাদের কিভাবে আইনি সেবার সাথে সংযুক্ত করা যায়?

দৃশ্য- ৩ঃ

ক্যাম্পে পুনর্বাসনের একটি গল্পঃ

মায়ানমারে সহিংসতার পরে বিশাল সংখ্যক রোহিংগারা তাদের ঘরবাড়ি হারিয়েছে এবং জীবন বাচাতে তারা বাংলাদেশে এসে আশ্রয় নিয়েছে। আগত মানুষের সংখ্যাটি অনেক বড় হওয়ার কারনে, তৎক্ষণাৎ মানুষকে বসবাসের জন্য কোন জায়গা দেয়া যাচ্ছিল না, এবং তাদের মৌলিক বিষয়গুলোতে সহায়তা করা সম্ভব হচ্ছিল না। এই মানুষগুলোকে আশ্রয় দেয়ার জন্য সরকার পুরাতন রেজিস্টার্ড ক্যাম্পের পাশের জায়গাগুলোকে তাদের আশ্রয় দানের জন্য বরাদ্দ করে। যদিও এসকল জায়গা মুলত পাহাড়ি এবং অস্থায়ী ক্যাম্প হিসাবে বেশ দুর্গম একটি এলাকা। ৩-৪ মাস পরে বর্ষা শুরু হয়, যা কক্সবাজারে বেশ বড় একটি প্রভাব ফেলে। ভারী বর্ষণের কারনে এলাকায় ভুমি ধ্বস ও আকস্মিক পানির ঢল হওয়ার ঝুকি বেরে যায়। এমন অবস্থায়, সরকার সকল এনজিওকে নির্দেশ দিয়েছে যেন তারা ক্যাম্পে বসবাসকারী যেসকল পরিবার ঝুকিপূর্ণ এলাকায় বসবাস করছে, তাদের নিরাপদ স্থানে সরিয়ে নেয়। এন জি ওর কর্মীরা এই কাজটি করতে গিয়ে বেশ সমস্যার সম্মুখীন হচ্ছে। রোহিঙ্গাদের মধ্যে একটি গুজব ছড়িয়ে পরেছে যে এনজিও কর্মীরা আসলে তাদের নিরাপদ স্থানে নিয়ে যাচ্ছেনা, তারা আসলে পরিবারদের পুনরায় মায়ানমার পাঠিয়ে দিচ্ছে। রোহিঙ্গা পরিবারগুলোতে বেশ আতঙ্ক ছড়িয়ে পড়েছে। তারা পুনর্বাসনে রাজি হচ্ছে না এবং এবিষয়ে এনজিওর লোকজনদের কোনধরনের কোন সহায়তা করছে না।

প্রশ্নঃ

১। যেসকল পরিবারগুলোর পুনর্বাসন সহায়তা প্রয়োজন তাদেরকে সহায়তা করার জন্য আপনি কিভাবে প্রস্তুতি গ্রহণ করবেন?

২। এই সহায়তা প্রদান করার জন্য আপনার কি কি তথ্যের প্রয়োজন?

৩। এবিষয়ে আপনার আর কি কি উপাদান প্রয়োজন হতে পারে?

দৃশ্যে অভিনয়ঃ

আপনি একটি বাড়িতে যাচ্ছেন যেখানে একজন বিধবা মহিলা বসবাস করেন। তার সাথে তার কিশোরী মেয়েটি বসবাস করে। তারা যেই বাড়ীটিতে বসবাস করছে, সেটি একটি ভূমিধ্বস প্রবন এলাকায় অবস্থিত। তাদের খুবি দ্রুত পুনর্বাসন বিষয়ক সহায়তা প্রয়োজন। কিন্তু তারা খুবি ভয়ে আছে, কেননা তারাও গুজবটা শুনতে পেয়েছে এবং এখন তারা এনজিওর করমীদের কথা শুনতে চাচ্ছেনা, তাদেরকে নিরাপদে পুনর্বাসন করার প্রক্রিয়াতে কোন ধরনের সহায়তাও করছে না।

দেখাঃ

১। আপনি উক্ত বাড়িতে যাওয়ার সময় নিজের নিরাপত্তা কিভাবে নিশ্চিত করবেন?

২। আপনি যখন ওই এলাকায় অবস্থান করবেন তখন হঠাত ভূমিধ্বস বা আকস্মিক পানির ঢল বিষয়ে কিভাবে নিজেকে সচেতন করবেন?

৩। পরিবারটির প্রাথমিক প্রয়োজনগুলি কি তা আপনি কিভাবে লক্ষ্য করবেন?

শোনাঃ

১। আপনি কিভাবে ওই নারীর কাছে গিয়ে সে আর তার মেয়ে কি বিষয়ে ভয় পাচ্ছেন, তা শুনবেন?

২। তাদের প্রাথমিক প্রয়োজনগুলি এমুহূর্তে কি, তা তাদের কাছ থেকে কিভাবে শুনবেন?

সংযোগঃ

১। পরিবারটিকে এই আতংকিত অবস্থা থেকে কিভাবে শান্ত করবেন ও পুনর্বাসন সম্পর্কে তাদেরকে সঠিক তথ্য প্রদান করবেন?

২। তারা পুনর্বাসনে রাজি হলে, পুনর্বাসনের কাজ যারা করছেন, তাদের সাথে কিভাবে আপনি পরিবারটিকে যোগাযোগ করিয়ে দিবেন?

৩। পরিবারটির অন্যান্য যেসকল প্রাথমিক প্রয়োজনগুলি এমুহূর্তে প্রয়োজন, সেগুলি নিশ্চিত করতে কোন কোন সেবা ব্যবস্থার সাথে আপনি তাদের সংযোগ করিয়ে দিবেন?